দৈনিক বাংলা

তারিখ 25 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৭

103

### ছাত্রসমাজের প্রতি হাসিনা

# সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠায় দায়িত্বশীল ভূমিকা নিন

স্টাফ রিপোর্টার : আওয়ামী লীগ সভানেত্রী ও সংসদে বিরোধীদলের নেত্রী শেখ হাসিনা অস্ত্র ও সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠার জন্য ছাত্রসমাজকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে বলেছেন।

গতকাল সকালে মিন্টো রোডের সরকারী বাসভবনে নিউ মডেল ডিগ্রী কলেজের ছাত্র সংসদ ও ছাত্রলীগের কর্মকর্তারা তার সঙ্গে দেখা করতে গেলে তিনি একথা বলেন।

শেখ হাসিনা বলেন, বঙ্গবন্ধুর হাতেগড়া সংগঠন ছাত্রলীগের কর্মীদের শিক্ষা, শান্তি ও প্রগতির লক্ষ্যে কাজ করতে হবে। সংগঠন শক্তিশালী করে দুঃখী মানুষের মুক্তির লক্ষেও তাদের কাজ করতে হবে।

সরকারের সমালোচনা করে তিনি বলেন, গণতান্ত্রিক আন্দোলন সফল হলেও বর্তমান সরকারের আমলে ছাত্র-জনতার প্রত্যাশা পূরণ হয়নি। ছাত্র সমাজের ১০ দফা সরকার মেনে নেয়নি বলে তিনি উল্লেখ করেন। এখনও স্বৈরাচারী ধারায় দেশ চলছে বলে তিনি অভিযোগ করেন।

শিক্ষাঙ্গনে সন্ত্রাসের উল্লেখ করে

(৭-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

**সন্ত্রাসমুক্ত** (প্রথম পৃষ্ঠার পর)

আওয়ামী লীগ নেত্রী এর জন্য সরকারকে দায়ী করেন। তিনি অভিযোগ করেন, ভিন্ন মতাবলম্বী ছাত্রদের বিশ্ববিদ্যালয় ও কলেজ ছাত্রাবাস থেকে বের করে দেয়া হচ্ছে। সবকিছু দলীয়করণ ও দখলের চেষ্টা সরকার করছে বলেও তিনি অভিযোগে উল্লেখ করেন।

শেখ হাসিনা নিউ মডেল ডিগ্রী কলেজের ছাত্রদের ওপর পুলিশী নির্যাতনের অভিযোগ করে অবিলম্বে তা' বন্ধের আহবান জানান।

**উপনির্বাচনে মনোনয়নপত্র আহবান**

আওয়ামী লীগ ভোলা-৪ আসনে উপনির্বাচনের জন্য দলীয় প্রার্থীদের মনোনয়নপত্র আহবান করেছে। মনোয়নপত্র জমা দেয়ার শেষ তারিখ আগামী ৩০ অক্টোবর। আজ ২৫ অক্টোবর থেকে ২৩, বঙ্গবন্ধু এভিনিউস্থ দলের কেন্দ্রীয় কার্যালয়ে মনোনয়নপত্র পাওয়া যাবে।